# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**13 DECEMBER 2025** **7:45—7:55 PM**

---

১) আগামী বছরের এপ্রিল মাস থেকে সমগ্র দেশে ২০২৭ সালের লোক গণনা আরম্ভ ।

২) নাগরিকত্ব সংশোধনী আইন , C A A-র অধীনে বরাক উপত্যকায় বসবাসকারী দুই ব্যক্তির ভারতের নাগরিকত্ব লাভ ।

৩) পাকিস্তানের গুপ্তচর সংস্থার সঙ্গে সম্পর্ক থাকার অভিযোগে তেজপুর পুলিশের আজ ভারতীয় বায়ু সেনার অবসরপ্রাপ্ত আধিকারিক কুলেন্দ্র শর্মাকে গ্রেপ্তার ।

এবং

৪) কেন্দ্রীয় সমবায় বিভাগের প্রতিমন্ত্রী কৃষাণ পাল গুর্জ্জরের আজ গুয়াহাটি চানমারির আসাম ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউটের খেলার মাঠে চতুর্থ সমবায় মেলার উদ্বোধন ।

-----------------------------------------------------------------------------------

আগামী বছরের এপ্রিল মাস থেকে সমগ্র দেশে ২০২৭ সালের লোক গণনা আরম্ভ হবে । কেন্দ্রীয় মন্ত্রীসভা এর জন্য ১১ হাজার ৭শো ১৮ কোটি টাকার বাজেটে অনুমোদন জানিয়েছে । ২ হাজার ২৭ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত দুটি পর্যায়ে এই লোক গণনার কাজ চলবে । এটি হবে দেশের ষোড়শ এবং স্বাধীনোত্তর ভারতের অষ্টম লোক গণনা । কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ মন্ত্রীসভার বৈঠকের পর সাংবাদিকদের এ কথা জানিয়ে বলেন যে এই লোক গণনায় সামাজিক অবস্থা এবং জাতিগত গণনা সহ জনসংখ্যা এবং বাড়ি গণনা অর্ন্তভুক্ত থাকবে । দেশে এই প্রথমবার সম্পূর্ণ ডিজিট্যাল প্রক্রিয়ায় এই লোক গণনার কাজ সম্পূর্ণ করা হবে বলে উল্লেখ করে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী বৈষ্ণ বলেন যে এনড্রোয়েড এবং আই ও এস মোবাইল এ্যাপের মাধ্যমে এই লোক গণনার

তথ্যসমূহ সংগ্রহ করা হবে । এই সমগ্র প্রক্রিয়া সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য মোট ৩০ লক্ষ সরকারী কর্মচারীকে নিযুক্ত করা হবে বলে তিনি জানান ।

------------------------------------------------------------------------------------------

নাগরিকত্ব সংশোধনী আইন , C A A-র অধীনে বরাক উপত্যকায় বসবাস করা দুই ব্যক্তি ভারতের নাগরিকত্ব লাভ করেছেন । শ্রীভূমি জেলায় বসবাস করা বাংলাদেশের চট্টগ্রামের ৪০ বছর বয়সের এক মহিলাকে C A A-র অধীনে ভারতীয় নাগরিকত্ব প্রদান করা হয়েছে । নাগরিকত্ব লাভ করা এই মহিলা ২ হাজার ৭ সালে চিকিৎসার জন্য ভারতে এসে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়ে শ্রীভূমি জেলায় বসাবস করছিলেন । ২ হাজার ১৯ সালে C A A গৃহিত হওয়ার পর নাগরিকত্বের জন্য আবেদন করে দীর্ঘ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর ওই মহিলা কেন্দ্রীয় সরকারের স্বীকৃতি লাভ করেন । এদিকে , শিলচরের ৬১ বছর বয়সের জনৈক ব্যাক্তিও C A A-র অধীনে নাগরিকত্ব লাভ করেছেন । আইনজীবি ধর্মানন্দ দেব এ সম্পর্কে আকাশবাণীকে জানিয়েছেন.....
বাইট

------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২১ ডিসেম্বর নামরূপে এমোনিয়া ইউরিয়া প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । প্রধানমন্ত্রীর আসন্ন সফরের পরিপ্রেক্ষিতে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা ইতিমধ্যেই নিরাপত্তা সহ অন্যান্য ব্যবস্থা তদারকি করে প্রকল্প স্থল পরিদর্শন করেছেন । সার্বিক ব্যবস্থা সম্পর্কে পর্যালোচনা করার উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী আজ রাজ্যের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গ এক বৈঠকেও মিলিত হয়েছেন । এদিকে , রাজ্যের শক্তিমন্ত্রী প্রশান্ত ফুকন টিংখং-এ দলীয় কর্মকর্তাদের সঙ্গে প্রধানমন্ত্রীর আসন্ন এই অনুষ্ঠানের প্রস্তুতি সম্পর্কে এক বৈঠকে মিলিত হন ।

------------------------------------------------------------------------------------------

সমগ্র দেশ আজ সংসদ ভবন আক্রমণ প্রতিহত করতে গিয়ে প্রাণ হারানো নিরাপত্তা বাহিনীর জওয়ানগণ এবং এই আক্রমণের বলি হওয়া লোকেদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে । রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু এই আক্রমণে প্রাণ আহুতি দেওয়া নিরাপত্তা বাহিনীর সাহসী আধিকারিক ও জওয়ানদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় রাষ্ট্রপতি বলেন যে- দেশের জাতীয় ভাবনাকে নিজেদের কর্তব্যের মাধ্যমে অবিরত পথ প্রদর্শন করে যাওয়া এই বীরদের সাহস ও ত্যাগকে দেশ অভিবাদন জানিয়েছে । রাষ্ট্রপতি একইসঙ্গে শহিদ এবং তাদের পরিবারবর্গের প্রতি দেশ চিরঋণী হয়ে থাকবে বলেও উল্লেখ করেছেন ।

কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এবং তথ্য ও সম্প্রচার দপ্তরের প্রতিমন্ত্রী ডঃ এল. মুরুগান ২০০১ সালের আজকের দিনে সংসদ ভবনে সংঘটিত আক্রমণে প্রাণ আহুতি দেওয়া সাহসী নিরাপত্তা কর্মী-আধিকারিকদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন ।

-----------------------------------------------------------------------------------------

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, কেন্দ্রীয় মন্ত্রীরা এবং সংসদ সদস্যরাও আজ সংসদ ভবন প্রাঙ্গণে এই আক্রমণের শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে পুষ্পাঞ্জলি অর্পণ করেছেন ।

-----------------------------------------------------------------------------------------

পাকিস্তানের গুপ্তচর সংস্থার সঙ্গে সম্পর্ক থাকার অভিযোগে তেজপুর পুলিশ আজ ভারতীয় বায়ু সেনার অবসরপ্রাপ্ত আধিকারিক কুলেন্দ্র শর্মাকে গ্রেপ্তার করেছে । সামাজিক মাধ্যমের সহায়তায় ধৃত কুলেন্দ্র শর্মা দেশের প্রতিরক্ষা বিভাগের অতি স্পর্শকাতর নথিপত্র এবং তথ্য পাকিস্থানী গুপ্তচর সংস্থকে প্রদান করেছে বলে অভিযোগ উত্থাপন করা হয়েছে । পুলিশ অভিযুক্ত শর্মার লেপটপ এবং মোবাইল ফোন বাজেয়াপ্ত করে পরীক্ষার জন্য গবেষণাগারে প্রেরণ করেছে । উল্লেখ্য যে অভিযুক্ত শর্মা ২ হাজার ২ সালে বায়ুসেনার চাকুরী থেকে অবসর গ্রহণ করেছিলেন । পরবর্তী সময়ে তিনি তেজপুর বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রনিক বিভাগে কার্যনির্বাহ করেছেন বলে শোনিতপুরের অতিরিক্ত পুলিশ সুপার জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সমবায় বিভাগের প্রতিমন্ত্রী কৃষাণ পাল গুর্জ্জর আজ গুয়াহাটির চানমারির আসাম ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউটের খেলার মাঠে চতুর্থ সমবায় মেলার উদ্বোধন করেছেন । আত্মনির্ভর ভারত গড়ে তোলার পাশাপাশি ২০৪৭ সালের মধ্যে দেশকে বিকশিত রাষ্ট্র হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে সমবায় সমিতিসমূহের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সংবাদ মাধ্যমকে জানিয়েছেন ।

আজকের অনুষ্ঠানে রাজ্য সরকারের সমবায় মন্ত্রী যোগেন মোহন, কেন্দ্রীয় সরকারের সমবায় বিভাগের প্রবিণ আধিকারিক আশিস কুমার ভূটানি, রাজ্য সরকারের সমবায় বিভাগের সচিব অনন্ত লাল জ্ঞানী সহ বেশকয়েকজন প্রবীণ আধিকারিক উপস্থিত ছিলেন। এই মেলার মাধ্যমে আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন সমবায় সমিতি সমূহ অর্থনৈতিক ভিত শক্তিশালী করার যাত্রা প্রতিফলিত হয়েছে বলে শ্রী যোগেন মোহন মন্তব্য করেন । উল্লেখ্য- আগামী ১৫ ডিসেম্বর পর্যন্ত আয়োজিত এই মেলায় উত্তর-পূর্বাঞ্চলের সমবায় সমতি সমূহ অংশগ্রহণ করেছে । মেলায় হাতে বোনা কাপড়, বাঁশ-

বেতের সামগ্রী, বেতের নির্মিত সামগ্রী, কাঁসার সামগ্রী ইত্যাদির বিক্রি ও প্রদর্শন করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এডভান্টেজ আসাম- ২.০'এর অংশ হিসেবে একটি নতুন টি ভি এস ক্রেডিট টেকনোলজি সেন্টারের উদ্বোধন করেছেন । এই কেন্দ্রটির মাধ্যমে ইচ্ছুক ব্যক্তিরা দুশোর'ও বেশি বিশেষ প্রযুক্তিগত কৌশল শেখার সুবিধা লাভ করবে । রাজ্যের উদ্ভাবনী ক্ষেত্রে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে এই কেন্দ্রটি সহায়ক হবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেছেন ।

-----------------------------------------------------------------------------------------

অরুণাচল প্রদেশের আনজাও জেলায় সংঘটিত সড়ক দুর্ঘটনায় নিহত লোকেদের মরদেহ আজ অরুণাচল প্রদেশ সরকার আইনী প্রক্রিয়ার মাধ্যমে আসাম সরকারের আধিকারিকদের কাছে হস্তান্তর করেছে । তিনসুকিয়া মেডিকেল কলেজে সব আনুষ্ঠানিক প্রক্রিয়া সম্পূর্ণ করার পর মরদেহ সমূহ তাদের পরিবারবর্গের কাছে সমঝে দেওয়া হয়েছে । রাজ্যের মন্ত্রী বিমল বরা সহ স্থানীয় লোকেরা নিহতদের প্রতি শেষ শ্রদ্ধা জ্ঞাপন করেছেন ।

উল্লেখ্য-আজকের দিনের অভিযান শেষে দুর্ঘটনাস্থলী থেকে আরো ১১ জন শ্রমিকের মরদেহ উদ্ধার করা হয়েছে । আগামীকাল হাইলেঙ'এ মরণোত্তর পরীক্ষার পর তাদের পার্থিব শরীর তিনসুকিয়া নিয়ে এসে পরিবারের হাতে সমঝে দেওয়া হবে বলে মন্ত্রী শ্রী বরা জানিয়েছেন । কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল এই ঘটনায় গভীর শোক প্রকাশ করে কেন্দ্রীয় ও রাজ্য সরকার ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে সাত লক্ষ টাকা করে এককালীন সাহায্য প্রদানের কথা প্রকাশ করেছেন ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্যের পূর্ত , মীন , পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ সমগ্র শিক্ষ আসামের অধীনে শ্রীভূমি জেলার উত্তর করিমগঞ্জ বিধানসভা আসনের অধীন পল্লীমঙ্গল হাইস্কুলে বিজ্ঞান ভিত্তিক একটি পরীক্ষাগারের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । এই পরীক্ষাগারটি নির্মানে প্রায় ১৯ লক্ষ টাকা ব্যায় হবে বলে উল্লেখ করে মন্ত্রী বলেন যে এই পরীক্ষাগার নির্মানের কাজ সম্পূর্ণ হলে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা হাতে-কলমে পরীক্ষা নিরিক্ষা করে বিজ্ঞান , পদার্থ বিদ্যা এবং রসায়ন শাস্ত্র বাস্তবিকভাবে প্রয়োগ করতে পারবে ।

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা দায়রা আদালত প্রাঙ্গনে আজ জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয় । হাইলাকান্দি জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠিত এই লোক আদালতে বিদ্যুৎ বিল এবং ব্যাঙ্ক থেকে ঋণ গ্রহণ করে আদায় না দেওয়া ব্যাক্তিদের ঋণমুক্ত করার জন্য এই লোক আদালতে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয় । এছাড়াও , Motor Accident claim Tribunal ( MACT ) , Criminal Compoundable case , NIS case ইত্যাদি এই লোক আদালতে আলোচনার ভিত্তিতে নিষ্পত্তি করার চেষ্টা করা হয়েছে । হাইলাকান্দি জেলা আইনসেবা কর্তৃপক্ষের সম্পাদক শ্রী প্রণব শর্মা জানিয়েছেন যে মোট ৬ হাজার মামলা এই লোক আদালতে নথিভুক্ত করা হয়েছিল ।

---------------------------------------------------------------------------------